

মঙ্গলবার ২৫ মাঘ ১৪১৮ মোতাবেক ৭ ফেব্রুয়ারি ২০১২  
বিকাল ৪-৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

## দিনের কার্যসূচি

### প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর।

### জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

১। জনাব মোঃ আব্দুছ ছাত্তার (ময়মনসিংহ-৮), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার মধুপুরে একটি পুলিশ তদন্ত কেন্দ্র স্থাপন' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

২। অপু উকিল (মহিলা আসন-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'হাওর অঞ্চলের সুবিধা বঞ্চিত শিশুদের শিক্ষার ক্ষেত্রে বিশেষ বরাদ্দ প্রদান' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

৩। জনাব নুরুল ইসলাম বি.এসসি (চট্টগ্রাম-৮), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'দোহাজারী হাসপাতালকে ৩০ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীত করা' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

( নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

### কমিটির রিপোর্ট উপস্থাপন

ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন (চট্টগ্রাম-১), মাননীয় সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, কার্যপ্রণালী-বিধির ২১১ বিধির (১) উপ-বিধি অনুযায়ী ৯ম জাতীয় সংসদের 'বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ২য় রিপোর্ট উপস্থাপন করিবেন।

### আইন-প্রণয়ন কার্যাবলী

১(ক)। সৈয়দ আশরাফুল ইসলাম, মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে আনীত বিলটি [ দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) বিল, ২০১২ ] স্থায়ী কমিটি কর্তৃক সুপারিশকৃত আকারে অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করা হউক।

( সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে )

১(খ)। সৈয়দ আশরাফুল ইসলাম, মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, দেওয়াল লিখন ও পোস্টার লাগানো নিয়ন্ত্রণ করিবার উদ্দেশ্যে আনীত বিলটি [ দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) বিল, ২০১২ ] পাস করা হউক।

**রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব**

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,  
২৪ মাঘ ১৪১৮  
০৬ ফেব্রুয়ারি ২০১২

মোঃ মাহফুজুর রহমান  
ভারপ্রাপ্ত সচিব